কালের কণ্ঠ

তারিখ 11 OCT 2017
পৃষ্ঠা ২ কলাম ১

# আ. লীগের শিক্ষা উপকমিটিতে চার উপাচার্য

**নিজস্ব প্রতিবেদক ▷**

ক্ষমতাসীন আওয়ামী লীগের কেন্দ্রীয় শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক উপকমিটিতে চারজন উপাচার্য স্থান পেয়েছেন। ৪৯ সদস্যের ওই কমিটিতে এ ছাড়া তিনটি বিশ্ববিদ্যালয়ের ১১ জন শিক্ষক, আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের দুজন সদস্য ও আটজন সংসদ সদস্যকে রাখা হয়েছে। গত শনি ও রবিবার বিকেলে দুদফা বৈঠকের পর কমিটি চূড়ান্ত করা হয়। উপকমিটির সভাপতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য আবদুল খালেক ও সদস্যসচিব শামসুন নাহার স্বাক্ষরিত কমিটি সোমবার আওয়ামী লীগের দপ্তরে জমা দেওয়া হয়।

কমিটিতে স্থান পাওয়া চার উপাচার্য হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আখতারুজ্জামান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের হারুন অর রশিদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মীজানুর রহমান ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ডা. কামরুল হাসান খান। কমিটিতে স্থান পাওয়া অন্যদের মধ্যে রয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মুহম্মদ নুরুল্লাহ ও আবুল কাশেম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. জাকিয়া পারভীন ও জুনায়েদ হালিম, সংসদ সদস্য আফসারুল আমিন, আবদুল কুদ্দুস, আওয়ামী লীগের কার্যনির্বাহী সদস্য পারভীন জামান কল্পনা, মেরিনা জাহান কবিতা, শিক্ষক নেতা শাজাহান আলম সাজু, সাবেক ছাত্রলীগ নেতা সরদার মাহমুদ হাসান রুবেল প্রমুখ।